# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৫৮৭/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৬৫

তারিখঃ ০৩-০৯-২০২০

বিষয়ঃ অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৫-০৮-২০২০ তারিখের আবেদন (আইডি- (১৮৯৯)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন সরস্বতী একাডেমী এর নিয়মিত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আল ইমরান শেখ এর বিরুদ্ধে জনাব আরোজ আলী কাজী একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে উল্লেখ করেছেন যে, সভাপতি বিদ্যালয় পরিপন্থী কার্যক্রম করায় প্রতিবাদ করতে গেলে প্রধান শিক্ষকসহ সকল শিক্ষককে ভয়ভীতি, চাকুরীচ্যুত করার হুমকি প্রদর্শনসহ অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং অফিস সহকারী কাম কম্পিউটার পদে অযোগ্য ব্যক্তিকে ১১,০০,০০০/-(এগারো লক্ষ) টাকার উৎকোচ গ্রহণের বিনিময়ে নিয়োগ দান করেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

০৩-০৯-২০২০
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০৪২১-৬৮৬৩৪

উপজেলা নির্বাহী অফিসার
লোহাগড়া, নড়াইল।

নথি নং-বিঅ-৬/৬৫৮৭/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৬৫ (৫)

তারিখঃ ০৩-০৯-২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া. নড়াইল।
৩। প্রধান শিক্ষক, সরস্বতী একাডেমী. মকিমপুর, লোহাগড়া, নড়াইল।
৪। অভিযোগকরী, জনাব মো: আরোজ-আলী কাজী, মকিমপুর, লোহাগড়া, নড়াইল
৫। অফিস নথি।

০৩-০৯-২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বরাবর,

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়ঃ **সরস্বতী একাডেমীর ম্যানেজিং কমিটির সভাপতির দুর্নীতির তদন্ত পূর্বক সভাপতির পদ হতে অব্যহতি দান প্রসঙ্গে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ আরোজ আলী কাজী, পিতা- মৃত মোঃ সোরাব কাজী, মাতা- হালিমা বেগম, সাং- পাংখার চর, উপজেলা- লোহাগড়া, নড়াইল। সরস্বতী একাডেমী, চরদৌলতপুর, ডাক- মকিমপুর, উপজেলা- লোহাগড়া, জেলা- নড়াইল এর পরিচালনা পরিষদ এর একজন সম্মানিত অভিভাবক সদস্য । বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আল ইমরান শেখ নির্বাচিত হইবার পর হইতেই বিদ্যালয়ে স্বৈরতান্ত্রিকভাবে বিদ্যালয়ের নির্বাচিত সকল সদস্য ও শিক্ষকবৃন্দকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করিয়া বিদ্যালয় পরিপন্থি কর্ম করিতেছেন। তাঁর এই অবৈধ কর্মের প্রতিবাদ করার জন্য প্রধান শিক্ষকসহ সকল শিক্ষককে ভয়ভীতি এবং চাকুরীচ্যুত করিবার হুমকি প্রদর্শন, অকথ্য ভাষায় গালিগালাজ করিয়া আসিতেছেন। তাঁর এই আচরণে বিদ্যালয়ের সকল শিক্ষক-কর্মচারীবৃন্দ সর্বদা বিচলিত। সর্বশেষ বিগত ২০/০৬/২০২০ ইং তারিখে বিদ্যালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপরেটর পদে নিয়োগে চরম দুর্নীতি করিয়াছে। উক্ত অফিস সহকারী কাম কম্পিউটার অপরেটর পদে একাধিক যোগ্য প্রার্থী থাকা সত্ত্বেও প্রধান শিক্ষককে চাকুরীচ্যুত ও খুন জখমের হুমকি প্রদান করিয়া সভাপতি অন্যায়ভাবে নিয়োগ কমিটিকে প্রভাবশালী ব্যক্তিবর্গের দ্বারা ভয়ভীতি প্রদান পূর্বক বাধ্য করতঃ ১। নাহীদা আক্তার, ২। সুবল কুমার দত্ত, ৩। মীর আমিনুর রহমান, ৪। কাজী নুর আলম, ৫। শেখ আল মাহফুজ গণকে বাদ রেখে অযোগ্য প্রার্থী সঞ্জয় বৈদ্য এর নিকট হইতে ১১,০০,০০০/- (এগার লক্ষ) টাকা উৎকোচ গ্রহন করিয়া নিয়োগ দান করেন। বিদ্যালয়ের অভিভাবক ও স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ সভাপতির এই অবৈধ কর্মকান্ড এর জন্য দুর্নীতি দমন কমিশনে অভিযোগ করেন । সভাপতি মহোদয় উক্ত উৎকোচের টাকা বৈধ করিবার জন্য স্বয়ং নিজেই প্রার্থীকে নিয়োগপত্র দেন যাহা বিদ্যালয় পরিচালনা পরিষদের রেজুলেশন এর পরিপন্থি। সভাপতি মহোদয়ের এই সকল অবৈধ কর্মের প্রতিবাদ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য সহ অন্যান্য নির্বাচিত অভিভাবক সদস্যবৃন্দ করিলে সভাপতি, তাঁর দোষর ম্যানেজিং কমিটির ২/১ জন সদস্যসহ বহিরাগত মাস্তানবাহিনীর দ্বারা জীবন নাশের হুমকি প্রদান করিতেছে।এখানে উল্লেখ্য যে, অবৈধ নিয়োগ বাণিজ্য এর অডিও যা নিয়োগ প্রাপ্ত প্রার্থীর নিজ জবানবন্দী সংরক্ষিত আছে। যথাসময়ে হুজর সমীপে উপস্থাপন করা হইবে।

অতএব, হুজুর সমীপে প্রার্থনা, অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতির দুর্নীতির সত্যতা তদন্ত পূর্বক সভাপতির পদ হইতে অপসারন করিতে একান্ত মর্জি হয়। আপনার এই উপকারের জন্য অত্র বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাসহ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সকল সদস্য আপনার নিকট চির কৃতজ্ঞ থাকিব।

বিনীত

নিবেদক-

(মোঃ আরিজ আলী কাজী)

অভিভাবক সদস্য

পরিচালনা পরিষদ

সরস্বতী একাডেমী

মকিমপুর, লোহাগড়া, নড়াইল।

সংযুক্তিঃ

১। যশোর শিক্ষা বোর্ড কর্তৃক চলমান পরিচালনা পরিষদের অনুমোদিত পত্র।

২। জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় প্রকাশিত সভাপতির দুর্নীতির সংবাদপত্র।

৩। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের দুর্নীতি দমন কমিশনে দায়েরকৃত সভাপতির দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ পত্র।

৪। সভাপতির বিরুদ্ধে সংখ্যা গরিষ্ঠ সদস্যদের অনাস্থা পত্র।

৫। প্রার্থীকে নিয়োগদানের রেজুলেশন এর কপি।

৬। সভাপতির দুর্নীতির অডিও যা নিয়োগ প্রাপ্ত প্রার্থীর নিজ জবানবন্দী (নিজ কাছে সংরক্ষিত)

ttps